

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২,২৫০-৯০০X১০-৩১,২৫০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০০৯) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিসের ১টি শূন্য উপ-পরিচালক (জনসংযোগ) পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে গণযোগাযোগ ও সাংবাদিকতা/যোগাযোগ বিজ্ঞানের যে কোন শাখায় মাস্টার্স ডিগ্রীসহ উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন হইতে হইবে এবং তাহার শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে/শ্রেণীতে উত্তীর্ণ হইতে হইবে। প্রার্থীকে কোন সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানের জনসংযোগ/সংবাদ/সম্পাদনা বিভাগে সহকারী পরিচালক পদমর্যাদায় অন্তত: দুই বছরের অভিজ্ঞতাসহ কর্মকর্তা/সংবাদকর্মী হিসাবে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। জাতীয় দৈনিক/মিডিয়ায় সংবাদকর্মী হিসাবে কাজের অভিজ্ঞতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। প্রার্থীর কম্পিউটারে ডাটাবেজ তৈরী, ইন্টারনেট ব্যবহার, ইনফরমেশন সিস্টেম এনালাইসিস ও ওয়ার্ড প্রসেসিং এবং প্রকাশনার ক্ষেত্রে বিশেষ অভিজ্ঞতা থাকিতে হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ২১-১২-২০১৫ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।